ইত্তেফাক

তারিখ 01 NOV 1985
পৃষ্ঠা ... ১ ... কলাম ...

009

# '২য় পরিকল্পনায় সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রকল্পের অগ্রগতি সন্তোষজনক নহে'

এক সরকারী তথ্য বিবরণীর বরাত দিয়া গতকাল (বৃহস্পতিবার) বাসস জানায়, গত বুধবার ঢাকায় অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির এক বৈঠকে ৫১৪ কোটি টাকার বৈদেশিক মুদ্রাসহ ৭ শত ১১ কোটি টাকা ব্যয় সাপেক্ষ দুইটি প্রকল্প অনুমোদন করা হয়। উপ-প্রধান সামরিক আইন প্রশাসক ও শিল্পমন্ত্রী এয়ার ভাইস মার্শাল সুলতান মাহমুদ বৈঠকে সভাপতিত্ব করেন। অনুমোদিত প্রকল্পদ্বয়ের মধ্যে ৬শত ৪৪ কোটি ২০ লক্ষ টাকা ব্যয়সাপেক্ষ শিক্ষা মন্ত্রণালয়ের বাংলাদেশে সর্বজনীন প্রাথমিক শিক্ষা প্রবর্তনের সংশোধিত প্রকল্প অন্তর্ভুক্ত আছে।

কমিটি লক্ষ্য করেন যে, দ্বিতীয় ৫ সালা পরিকল্পনাকালে এই প্রকল্পের অগ্রগতি সন্তোষজনক নহে এবং কর্মসূচীর উন্নয়ন ও সম্প্রসারণের যথেষ্ট সুযোগ আছে। কমিটি প্রাইমারী পর্যায়ে ভর্তি ছাত্রদের মধ্যে পড়াশোনা পরিত্যাগকারীর উচ্চ হারে উদ্বেগ প্রকাশ করেন এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য কর্তৃপক্ষকে

(১২শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষা প্রকল্প

(১ম পৃঃ পর)

নির্দেশ দেন। কমিটি প্রকল্প বাস্তবায়নে উপজেলা পরিষদের কার্যক্রমের সঙ্গে এই প্রকল্পের সমন্বয় সাধনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেন।

কমিটি ২ কোটি টাকার বৈদেশিক মুদ্রাসহ ৬৬ কোটি ৮১ লক্ষ টাকা ব্যয়ে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন মন্ত্রণালয়ের অধীনস্থ 'স্বাভাবিক পল্লী পূর্ত কর্মসূচী' সংক্রান্ত প্রকল্পও অনুমোদন করেন।